

মুঘল প্রশাসনের কেন্দ্রে ছিল সৈরাচারী শাসনতন্ত্র। আইন, বিচার ও শাসন—এই তিনটি ক্ষেত্রেই বাদশাহ ছিলেন সর্বময় কর্তা। এই প্রশাসনের প্রধান রূপকার ছিলেন আকবর।

কেন্দ্রীয় প্রশাসনিক কর্মচারীগণ

কেন্দ্রীয় প্রশাসনের সর্বোচ্চ স্থানে ছিলেন বাদশাহ। সমস্ত মন্ত্রীরা বাদশাহের কাছে দায়বদ্ধ থাকতেন এবং মন্ত্রীরা তাঁকে পরামর্শ দিয়ে সাহায্য করতেন।

- ১ **ভকিল:** বাবর, হুমাযুন ও আকবরের সময় ভকিল-ই ছিলেন মন্ত্রী পরিষদের প্রধান। বৈরাম খাঁর অপসারণের পর ভকিল পদের গুরুত্ব হ্রাস পায়। তিনি রাজস্ব ও সামরিক দায়িত্ব পালন করতেন। এই পদের বিলোপ ঘটান শাহজাহান।
- ২ **দেওয়ান বা উজির:** দ্বিতীয় গুরুত্বপূর্ণ মন্ত্রী ছিলেন দেওয়ান। ভকিল পদের গুরুত্ব কমে যাওয়ার তিনিই বাদশাহ-র পরের স্থান দখল করেন। রাজস্ব বিভাগের দায়িত্ব তাঁকে বহন করতে হত। আকবর উজিরকে 'দেওয়ান-ই-আলা' সম্বোধন করতেন।
- ৩ **মীরবন্দী:** মুঘল সামরিক প্রশাসন এবং গুপ্তচর বিভাগের প্রধান ছিলেন মীরবন্দী। তিনি মনসবদারদের অর্থ অনুমোদনও করতেন।
- ৪ **প্রধান সদর বা সদর-উস্-সদর:** ইসলামীয় বিধি অনুসারে সদর-উস্-সদর ধর্মীয় বিষয়, ধর্মীয় অনুদান, রাষ্ট্রের প্রধান বিচারকের দায়িত্ব পালন করতেন। তিনি উলেমাদের প্রধান এবং ধর্মীয় ব্যাপারে রাজার প্রধান পরামর্শদাতা ছিলেন।
- ৫ **মীরসামান:** কারখানা এবং ভবন, রাস্তা, ভাণ্ডারের দায়িত্বপ্রাপ্ত ছিলেন মীরসামান।
- ৬ অন্যান্য গুরুত্বপূর্ণ কর্মচারীরা হলেন—(i) **মুহতাবিব:** ইনি জনসাধারণের নৈতিক চরিত্রের উন্নতি, ধর্মীয় নির্দেশ যথাযথ পালন করা হচ্ছে কিনা তা পর্যবেক্ষণ করার দায়িত্বে ছিলেন। (ii) **বারিদ:** গুপ্তচর। (iii) **দারোগা-ই-ডাকটোকি:** ডাক বিভাগ। (iv) **মুস্তাফী:** হিসাব পরীক্ষক। (v) **ওয়াকিবিশ:** সংবাদ লেখক প্রমুখ। $12+3=15$

প্রাদেশিক শাসনব্যবস্থা

সুবাদার: সামরিক ও প্রশাসনিক দায়িত্ব এবং ফৌজদারি বিচার পরিচালনা করত।
দেওয়ান: রাজস্ববিভাগের প্রধান কর্মচারী। ইনি দেওয়ানি মামলার নিষ্পত্তির দায়িত্বে ছিলেন।

- ১ আকবর 1580 খ্রি. মুঘল সাম্রাজ্যকে 12টি সুবায় (প্রদেশ) বিভক্ত করেন। পরবর্তীকালে আরো 3টি সুবা (দাক্ষিণাত্যের) যুক্ত হয়। জাহাঙ্গিরের সময় 17টি, শাহজাহানের সময় 22টি এবং ঔরঙ্গজেবের সময় 21টি সুবা ছিল।
- ২ সুবা বা প্রদেশের শাসিক বা গভর্নরকে বলা হত সুবাদার, সিপাহসালার বা নাজিম।
- ৩ প্রাদেশিক দেওয়ান সুবাদারের ক্ষমতার নিয়ন্ত্রক হিসেবে কাজ করতেন। এরা সরাসরি কেন্দ্রীয় দেওয়ানের কাছে দায়বদ্ধ ছিল।
- ৪ প্রাদেশিক শাসনব্যবস্থা কেন্দ্রীয় শাসনব্যবস্থারই ক্ষুদ্র সংস্করণ ছিল।
- ৫ বিভিন্ন প্রাদেশিক কর্মচারীদের মধ্যে ছিলেন **কাজি**, **কোতোয়াল**, **মীর বহল**।
- ৬ সুবা অনেকগুলি সরকারে বিভক্ত ছিল। সরকারের প্রধান প্রশাসনিক কর্তা ছিলেন ফৌজদার।
- ৭ সরকারগুলি বিভিন্ন 'পরগনায়' বিভক্ত ছিল। এর প্রধান প্রশাসনিক কর্তা ছিলেন সিকদার।
- ৮ আমিন বা কানুনগো রাজস্ব বিভাগীয় কর্মচারী ছিলেন।
- ৯ অমিল বা আমলগুজারের দায়িত্ব ছিল রাজস্ব সংগ্রহ এবং রাস্তাঘাটের রক্ষণাবেক্ষণ।
- ১০ **কোনোমাল** সরকারের আইন-শৃঙ্খলা, শান্তি-নিরাপত্তা, নাগরিকদের আয়-ব্যয়ের খবর রাখতেন।